



রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ শঠিবাড়ী, রংপুর।



ই-মেইলঃ rangpurpbs1@gmail.com
ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৫৫৮.৫১৪.০২.০০৮.২৬.৪২ নং

তারিখঃ ২০ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ পদোন্নতির মাধ্যমে বিলিং সুপারভাইজার পদে আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

সূত্রঃ স্মারক নং-২৭.১২.০০০০.০০০.১১০.৫৮.০০০৪.২৬.১৯৬০, তারিখঃ ০৪/১০/২০২৬ খ্রিঃ।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিলিং সহকারী (নিয়মিত) পদে কর্মরত প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন ও অন্যান্য ভাতা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	বিলিং সুপারভাইজার	০১ টি	পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে।	ক) প্রার্থীর ন্যূনতম ০৭ (সাত) বৎসর বিলিং সহকারী (নিয়মিত) হিসাবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। খ) পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে। গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ থাকতে হবে। ঘ) সর্বশেষ ০৪ (চার) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের পর্যায়ক্রমিক গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে। ঙ) বিলিং কম্পিউটার, সার্ভার ও অফিস ইকুইপমেন্ট পরিচালনায় পারদর্শী হতে হবে। চ) প্রতি মিনিটে বাংলায় ১০ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে।


আবেদন করার পদ্ধতিঃ-

উল্লিখিত পদে পদোন্নতির যোগ্যতা সম্পন্ন অগ্রহী প্রার্থীদের পূর্ণ জীবন বৃত্তান্ত সহ সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সর্বশেষ ০৪ (চার) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ফটোকপি এবং সংশোধিত পবিস নির্দেশিকা/সার্কুলার মোতাবেক বাপবিবো কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ ফলাফলের ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণের ফটোকপি এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়ন পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত সুপারিশ ও অনাপত্তির সনদ পত্র, বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা যদি থাকে/না থাকে তা সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক এবং তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নাই এবং ফৌজদারী মামলা চলমান নাই এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র সহ আগামী ১৫/১০/২০২৬ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবারের মধ্যে অফিস চলাকালে ডাকযোগ/কুরিয়ারযোগে/সরাসরি রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, শঠিবাড়ী, রংপুর এ পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য বিবেচিত হবে না। আবেদনকারীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে অবহিত করা হবে। আবেদনকারী প্রার্থীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে বাপবিবো স্মারক নং-২৭.১২.০০০০.০০০.১১০.৫২.০০০২.২৬.৭০০; তারিখঃ ১২/০৪/২০২৬ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

শর্তাবলীঃ-


- ১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নহে। তবে রংপুর পবিস-১ এর ভৌগলিক এলাকার (রংপুর জেলার মিঠাপুকুর, গীরগঞ্জ, গীরগাছা, উপজেলা এবং গাইবান্ধা জেলার সাদুল্লাপুর, সুন্দরগঞ্জ উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ২। বিলিং সুপারভাইজার পদের জন্য বিলিং সহকারী (নিয়মিত) পদে ০৭ (সাত) বছর অভিজ্ঞতার স্বপক্ষে যোগদান ও নিয়মিতকরণের ফটোকপি, সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণ কোর্সের ফলাফলের ফটোকপি এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়নপূর্বক আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

- ৩৥ উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।
- (ক) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদণ্ড প্রাপ্ত হয়েছেন,
- (খ) সর্বশেষ ০২(দুই) বছর কোনরূপ গুরুদণ্ড প্রাপ্ত হয়েছেন,
- (গ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদণ্ড প্রাপ্ত হয়েছেন,
- (ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর ০১ বার গুরুদণ্ড এবং ০১ বার লঘুদণ্ড প্রাপ্ত হয়েছেন,
- (ঙ) বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একাধিক বার গুরুদণ্ড প্রাপ্ত হয়েছেন,
- (চ) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন,
- (ছ) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়া চলমান থাকলে,
- (জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দণ্ডের কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে, তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।
- ০৪৥ পদোন্নতি প্রদানের ক্ষেত্রে “পবিস কর্মচারী চাকুরি বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২)” এর ধারা ০৭, ১৪ ও ১৬ এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।
- ০৫৥ অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।
- ০৬৥ বিলিং সুপারভাইজার পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য “চলতি দায়িত্ব” হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।
- ০৭৥ তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে।
- ০৮৥ নির্বাচনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৯৥ কোন কারন দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০৥ শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও আপনার অফিস/ দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধ সহ)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----- পবিস-১/২/৩/৪।
- ০৬। ডিজিএম (সদর-কারিগরি) পীরগঞ্জ/পীরগাছা/সাদুল্লাপুর/সুন্দরগঞ্জ জোনাল অফিস, রংপুর পবিস-১।
- ০৭। এজিএম (ওএন্ডএম), ভেন্ডাবাড়ী/বৈরাটীহাট সাব-জোনাল অফিস, রংপুর পবিস-১।
- ০৮। এজিএম (সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ/আই টি), রংপুর পবিস-১।
- ০৯। এজিএম (আইটি) বিভাগ, রংপুর পবিস-১। (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)।
- ১০। নোটিশ বোর্ড, রংপুর পবিস-১।
- ১১। অফিস কপি/মাস্টার কপি।


(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার